



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট

স্মারক নং সাস্ট/ পি আর/০৩

তারিখ: ২৩ অক্টোবর, ২০১৭

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৩ অক্টোবর, ২০১৭ বিকাল সাড়ে ৩ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা-২০১৭ এর শুভ উদ্বোধন করেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথি হিসেবে সংক্ষিপ্ত বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, সুস্থ সবল জাতি গঠনে খেলাধুলার বিকল্প নেই। তিনি প্রতি বছরের ন্যায় এবারও আন্তঃ বিভাগ ভলিবল প্রতিযোগিতা আয়োজনের জন্য অংশগ্রহণকারী দলসহ সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর জহির উদ্দিন আহমদ, প্রফেসর ড. এস এম হাসান জাকিরুল ইসলাম, শারীরিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত পরিচালক চৌধুরী সউদ বিন আশিয়া সহ বিভিন্ন বিভাগের প্রধান, দপ্তর প্রধান সহ শিক্ষক-কর্মকর্তা, ছাত্রছাত্রী ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী খেলায় অর্থনীতি বিভাগ জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগকে ২-০ সেটে পরাজিত করে।

রেজিস্ট্রার